# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯১৯

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যার দুটি প্রিয় বস্তু তথা দুটো চোখ নষ্ট হয়ে যায়, তাকে আল্লাহ যে প্রতিদান দান করেন, তার বিবরণ

## ذِكْرُ الْإِخْبَارُ عَمَّا يُثِيب اللَّهُ جَلَّ وَعَلَا لِمَنْ ذَهَبَتْ كَرِيمَتَاهُ

আরবী

2919 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ مَاهَانَ حَدَّثَنَا هُشَيْمٌ قَالَ: أَبُو بِشْرٍ أَخْبَرَنِي عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَقُولُ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى: إِذَا أخذتُ كَرِيمَتَيْ عَبْدِي فَصَبَرَ وَاحْتَسَبَ لَمْ أرضَ لَهُ ثَوَابًا دون الجنة)

الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2919 | خلاصة حكم المحدث: حسن صحيح ـ ((الروض النضير)) (151)، ((التعليق الرغيب)) (4/ 155): خ ـ أنس.

বাংলা

২৯১৯. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “ আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ তা‘আলা বলেন, “যখন আমি আমার বান্দার প্রিয় দুটি বস্তু (দুটি চোখ) নিয়ে নেই, অতঃপর সে ধৈর্য ধারণ করে ও সাওয়াবের প্রত্যাশা করে, তবে আমি তাকে জান্নাত ছাড়া অন্য কোন প্রতিদান দিয়ে সন্তুষ্ট হবো না!”[1]

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ২৩৬৫; তাবারানী: ১২/১৩৪৬৫; সহীহুল বুখারী: ৫৬৫৩; তিরমিযী: ২৪০০; মুসনাদ আহমাদ: ৩/২৮৩; সুনান বাইহাকী: ৩/৩৭৫।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ৪/১৫৫)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92249

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন